৫।

দৈনিক ইত্তেফাক

তারিখ 04 FEB 1997
পৃষ্ঠা ২ কলাম ৩

# পাঁচশ' নম্বরের ফলাফল বাহির হইতে কতদিন লাগে

সেশনজট নিরসন করিয়া যথাযথ সময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের লক্ষ্য নিয়া জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। কিন্তু কর্তৃপক্ষ সে লক্ষ্য অর্জনে চরমভাবে ব্যর্থ হইয়াছেন। আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৪ সালের এম,এ ১ম পর্ব পরীক্ষার্থী ছিলাম। এ পরীক্ষা অনুষ্ঠিত হয় ১৯৯৬ সালের জুন-জুলাই মাসে। তাহার পর '৯৬ অতিক্রান্ত হইয়া ১৯৯৭ সন চলিতেছে। এখনো আমাদের ফলাফল প্রকাশের কোন লক্ষণ দেখা যাইতেছে না। বুঝিতে পারিতেছি, না মাত্র ৫ শত নম্বরের পরীক্ষার ফলাফল প্রকাশ করিতে কর্তৃপক্ষ আর কতদিন সময় লইবেন। যদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কম হওয়ার কারণে ফলাফল প্রকাশে বিলম্ব হয় তবে বলিতে পারি আমরা এমএ ১ম পর্ব পরীক্ষার ফলপ্রার্থী অনেকেই বেকার আছি আমাদেরকে নিয়োগ দিলে পরীক্ষার ফলাফল প্রকাশের কাজ আমরা ত্বরান্বিত করিতে সচেষ্ট হইব। আর যদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের কথা ভুলিয়া গিয়া থাকেন তবে এ চিঠি পত্রিকায় প্রকাশিত হইলে আমাদের কথা যেন আপনাদের স্মরণ হয়।

—মোঃ নাসিরউদ্দিন, ৯৫/১ গোপীবাগ, ঢাকা।